"মুজিব বর্ষে
বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার"

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

০৭ সেপ্টেম্বর/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | আবদুর রশিদ<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ০৭ সেপ্টেম্বর/২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ, বিআরডিবি, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়নে কি করা যেতে পারে সে বিষয়ে সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে পর্যালোচনা | সভার শুরুতে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনাটি সভায় উপস্থাপন করা হয়।সভায় সকল সদস্যদের সম্মতিক্রমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিআরডিবি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ২. | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ১.১.এর ১.১.১ এবং ১.২.১ বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের ন্যায় সদর দপ্তর ও মাঠ পর্যায় থেকে উদ্ভাবনী ধারণা আহবান করার বিষয়ে আলোচনা হয়। | আগামী ৩(তিন) কর্মদিবসের মধ্যে উদ্ভাবনী ধারণা আহবান, সেবা সহজিকরন ও সেবা ডিজিটাইজেশন সংক্রান্ত অফিস আদেশ জারি ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |
| ৩. | সেবা সহজিকরণ | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম সূচক [১.২] এবং কর্মসম্পাদন সূচক [১.২.২] বাস্তবায়নকল্পে পূর্বের ন্যায় সদর দপ্তর ও মাঠ পর্যায় থেকে সেবা সহজিকরণের জন্য সেবা নির্বাচন আহবানের বিষয়ে আলোচনা হয়। | | |
| ৪. | সেবা ডিজিটালাইজেশন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম সূচক [১.২] এবং কর্মসম্পাদন সূচক [১.২.১] বাস্তবায়নকল্পে সেবা ডিজিটাইজেশন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৫. | ই-নথি ব্যবস্থাপনা | ১)বিআরডিবি'র বিভাগ থেকে প্রাপ্ত তথ্য,এটুআই থেকে প্রণীত ই-নথির প্রতিবেদন অনুযায়ী আগষ্ট/২০২২ মাস ই-ফাইলে মোট পত্রজারি ৯৭টি এবং মোট নিস্পন্ন নথি ১২৯টি হয়েছে। এ প্রতিবেদন যথাসময়ে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে;<br>২)পাশাপাশি সদর দপ্তর পর্যায়ে ই-নথির ব্যবহার বৃদ্ধি ও নথি নিস্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) এর মাধ্যমে পত্রজারি করার বিষয়ে আলোচনা করা হয়। | ১) ই-নথির মাধ্যমে পত্রজারি ও নথি নিস্পত্তি বৃদ্ধির বিষয়ে পরিচালক (প্রশাসন) কর্তৃক পত্র জারির ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | ১) বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম সূচক [১.৪] এবং কর্মসম্পাদন সূচক [১.৪.২] মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিত করণের লক্ষ্যে ০৩ (তিন)টি কর্মশালা আয়োজন করা হবে মর্মে সভায় জানানো হয়;<br>২)বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম সূচক [২.২] এবং কর্মসম্পাদন সূচক [২.২.১] মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) বাস্তবায়নের অংশ হিসেবে ০৩ (তিনটি) টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে মর্মে সভায় জানানো হয়। | ১) বরাদ্দকৃত বাজেট এবং কর্মশালা আয়োজন এ দুটির মধ্যে সমন্বয় সাধন করতে হবে;<br>২) এতদসংক্রান্ত সকল প্রমাণক ওয়েবসাইডে আপলোড করতে হবে; | ইনোভেশন কমিটি |
| ৭. | তথ্য বাতায়ন | ১)বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে। এ বিষয়ের প্রতিবেদন পত্রজারীর মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | ১) নির্দেশনা অনুযায়ী পত্রজারির মাধ্যমে বিষয়টি সকলকে অবহিত করত হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ৮. | উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | বিআরডিবি'র ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যসূচক মান ২.২ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিদর্শনপূর্বক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ৯. | বিবিধ | ১) মাঠ পর্যায়ে জেলা ও উপজেলা সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক (জুলাই/২০২২-সেপ্টেম্বর/২০২২) এর বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আনয়নে আগে থেকেই ব্যবস্থা নিতে হবে মর্মে সভায় আলোচনা হয়;<br>২) সদর দপ্তরে সহকারী পরিচালক পর্যায় কর্মকর্তাদের ক্যাবল লাইনের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে;<br>৩) পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) ইজিপি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ID খুলে দেয়ার বিষয়ে পত্র দিয়েছেন মর্মে সভায় জানানো হয়। | ১) মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে পত্র জারি করতে হবে;<br>২) মাঠ পর্যায়ের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে আনয়নের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের যথাযথ ব্যবস্থা নিতে হবে। | ইনোভেশন কমিটি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৯০

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯

০৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।


২) যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

৪) উপপরিচালক, বাজারজাতকরণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

৫) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।

৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



নাজনীন খানম
উপপরিচালক